ঈমান আনার পর প্রথম ফরজ

মুসলিম ভূমির প্রতিরক্ষা

সংকলন ও সম্পাদনা

মাওলানা মুহাম্মাদ ইসহাক খান

ঈমান আনার পর প্রথম ফরজ

মুসলিম ভূমির প্রতিরক্ষা

ড. আব্দুল্লাহ আযযাম রহ.

সংকলন ও সম্পাদনা

মাওলানা মুহাম্মাদ ইসহাক খান

লেখক, সাংবাদিক ও কলামিষ্ট

খান প্রকাশনী

দোকান নং ৩৮, ইসলামী টাওয়ার,

১১ বাংলাবাজার, ঢাকা-১১০০। ফোন ০১৭৪০১৯২৪১১

কেমন ছিলেন ড. আব্দুল্লাহ আয্যাম রহ.!

আব্দুল্লাহ ইউসুফ আয্যাম রহ. জন্মগ্রহণ করেন ১৯৪১ সালে দখলকৃত পবিত্রভূমি ফিলিস্তিনের জেনিন প্রদেশের আসবাহ্ আল হারতিয়া নামক গ্রামে। তিনি এমন একটি পরিবারে বেড়ে উঠেছিলেন, যেখান থেকে তিনি শিক্ষা পেয়েছিলেন ইসলাম সর্ম্পকে এবং ভালোবাসতে শিখেছিলেন আল্লাহ্ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে, আল্লাহর পথের মুজাহিদীন ও সংকর্মশীল ব্যক্তিগণদের। লাভ করেছিলেন আখিরাতের প্রকৃত উপলব্ধি।
আব্দুল্লাহ আয্যাম রহ. ছিলেন এমন একজন ব্যতিক্রমধর্মী কিশোর যিনি খুব অল্প বয়সেই ইসলামের দাওয়াতের কাজ শুরু করেন। তার সহচররা তাকে ধর্মভীরু কিশোর হিসাবেই জানতেন। বাল্যকালেই তাঁর থেকে কিছু অসাধারণ গুণাবলী প্রকাশিত হয়েছিল, যা তাঁর শিক্ষকরাও উপলব্ধি করতে পেরেছিলেন অথচ তখন তিনি সবেমাত্র প্রাথমিক বিদ্যালয়ে পড়াশোনা করছেন।

শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. পরিচিত ছিলেন দৃঢ় নিষ্ঠাবান এবং গম্ভীর প্রকৃতির একজন সৎ মানুষরূপে। তিনি তাঁর গ্রামেই প্রাথমিক এবং মাধ্যমিক স্তরের পড়াশোনা শেষ করেন, তাঁর সহপাঠীদের মধ্যে তিনি ছিলেন সবচেয়ে তরুণ, সবচেয়ে সুদর্শন এবং মেধাবী। খাদরী কলেজ থেকে গ্রাজুয়েট শেষ করার পর তিনি দক্ষিণ জর্ডানের আদ্দিন নামক গ্রামে শিক্ষকতা পেশায় সম্পৃক্ত হন। এরপরে তিনি দামেস্কের বিশ্ববিদ্যালয়ের শারিয়াহ বিভাগে পড়াশোনার জন্য ভর্তি হন এবং সেখান থেকে তিনি ১৯৬৬ সালে শারিয়াহ (ইসলামিক আইন) এর উপর বি,এ ডিগ্রি লাভ করেন। ১৯৬৭ সালে যখন ইহুদীরা পশ্চিম তীর দখন করে নেয় তখন তিনি সেখান থেকে হিজরত করে জর্ডানে যাওয়ার সিদ্ধান্ত নেন, কারণ তিনি ফিলিস্তিনের মধ্যে ইহুদীদের দখদারিত্বের অধীনে থাকতে চাচ্ছিলেন না।

পরবর্তীতে তিনি ১৯৭০ সালে ফিলিস্তিনের উপর ইসরাইলী আগ্রাসী বাহিনীর বিরুদ্ধে জর্ডান থেকে জিহাদে যোগদান করেন। এর কিছুদিন পরেই তিনি চলে যান মিশরে এবং সেখানে আল-আজহার বিশ্ববিদ্যালয় থেকে শারিয়াহ্-এর উপর মাষ্টার্স ডিগ্রী লাভ করেন।
১৯৭০ সালের পরে জর্ডানের বাহিরে জিহাদ করাকে পি, এল, ও বাহিনী জোরপূর্বক বন্ধ করে দেয়। তখন তিনি জর্ডানের আম্মান বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৭১ সালে তিনি কায়রোতে আল-আজহার বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পান্ডিত্যের পুরুষ্কার লাভ করেন, সেখানে থেকে তিনি ইসলামিক আইনের বিজ্ঞান ও দর্শন (উসূলুল ফিক্হ)-এর উপর পিএইচডি ডিগ্রী লাভ করেন। ১৯৭৩ সালে মিশরে থাকাকালীন তিনি শহীদ সাইয়্যেদ কুতুব রহ. (১৯০৬- ১৯৬৬) -এর পরিবারের খোঁজ-খবর রাখতেন।

|াইখ আব্দুল্লাহ্ আয্যাম রহ. ফিলিস্তিনের জিহাদের মধ্যে একটি দীর্ঘ সময় |তিবাহিত করেন। যদিও সেখানকার কিছু বিষয় তাঁর খুবই অপছন্দনীয় ছিল, যমন এর মধ্যে অনেককেই যোগদান করেছিল যারা ইসলাম থেকে অনেক দূরে ছিল। তাদের ব্যাপারে তিনি বলতেন কিভাবে তারা ফিলিস্তিন মুক্তির জিহাদে সফল হবে, যেখানে তারা প্লেয়িং কার্ড ও গান শোনা ইত্যাদির মধ্যে দিয়ে রাত অতিবাহিত করে?

শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. আরও উল্লেখ করে বলেন, হাজারো মানুষের মধ্যে জনবহুল জায়গায় যখন তাদের সবাইকে সালাতের জন্য আহ্বান করা হতো, তখন তাদের মধ্যে থেকে এত কম সংখ্যক মানুষ সালাতে উপস্থিত হত যা এক হাতের আঙ্গুল দিয়েই গনা যায়। তিনি তাদেরকে ইসলামের দিকে পরিচালনার চেষ্টা করতেন, কিন্তু তারা তাঁর এই প্রচেষ্টার বিরোধীতা করত। একদিন তিনি ফিলিস্তিনের জাতীয়তাবাদী এক মুক্তিযোদ্ধাকে জিজ্ঞাসা করলেন, ফিলিস্তিনে চলমান এই আন্দোলন ও জিহাদের চূড়ান্ত লক্ষ্য কি? আপনারা এটি কি ইসলামের জন্য করছেন না? এই অভ্যুত্থানে দ্বীনের সাথে কী সম্পর্ক রয়েছে?

জাতীয়তাবাদের ভূত কাঁধে নেয়া সেই যোদ্ধা বোকার মতো এবং সুস্পষ্ট ভাষায় বললো, "আমাদের এই অভ্যুত্থানের পিছনে দ্বীনের কোন সম্পর্ক নেই।" (অর্থাৎ তাদের সংগ্রাম ও যুদ্ধ ইসলাম প্রতিষ্ঠার জন্য নয়।)

এটি ছিলো সেখানে তাঁর অবস্থানের শেষ মুহুর্তের কথা, এরপর তিনি ফিলিস্তিন ত্যাগ করে সৌদি আরবে সেখানকার বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার জন্য চলে যান।

যখন শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. উপলব্ধি করতে পারলেন যে, তাওহীদ ও ইসলামের সঠিক চেতনায় উদ্বুদ্ধ ঐক্যবদ্ধ মুসলিম তারুণ্যই একমাত্র এই উম্মাহর বিজয় ফিরিয়ে আনতে পারে, তখন তখন থেকে জিহাদ এবং বন্দুক হয়ে যায় তার প্রধান কাজ ও বিনোদন। তাই তখন থেকে তার ঘোষণা ছিলো- "আর কোন সমঝোতা নয়, নয় সংলাপ অথবা আলাপ-আলোচনা, সমাধান একমাত্র জিহাদ এবং রাইফেল।"

তিনি যা বলতেন, তার উপর আগে তিনি নিজে আমল করতেন। শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. ছিলেন প্রথম আরব যিনি আফগানিস্তানে সোভিয়েত ইউনিয়নের কমিউনিষ্টদের বিরুদ্ধে জিহাদে যোগদান করেছিলেন।

১৯৮০ সালে তিনি সৌদি আরবে থাকাকালীন সময়ে একবার একজন আফগান মুজাহিদের সাথে তাঁর সাক্ষাত হয় যিনি হজ্জ করার উদ্দেশ্যে সেখানে এসেছিলেন। অতঃপর তিনি তাঁদের মধ্যেই সময় কাটালেন এবং আফগান জিহাদের বিষয়ে আরো কিছু জানতে চাইলেন। যখন তাঁকে আফগান জিহাদের ঘটনাগুলো বলা হচ্ছিলো তখন এ বিষয়গুলো তাঁর কাছে একেবারেই নতুন ও আশ্চর্যজনক মনে হচ্ছিলো। তিনি বুঝতে পারলেন যে এতোদিন যাবৎ তিনি

এই পথটিকেই খোঁজ করছিলেন। এভাবেই তিনি সৌদি আরবের জেদ্দায় বাদশাহ আব্দুল আজিজ বিশ্ববিদ্যালয় থেকে তাঁর শিক্ষকতা পেশাকে ত্যাগ করেন এবং সেখান থেকে তিনি পাকিস্তানের ইসলামাবাদে চলে যান জিহাদে অংশগ্রহণ করার জন্য এবং তাঁর বাকী জীবন তিনি এর মধ্যেই অতিবাহিত করেন। সেখানে গিয়ে তিনি আরও কিছু মুজাহিদ নেতার খোঁজ পেয়ে যান।
পাকিস্তানে অবস্থানের প্রথম দিকেই তিনি ইসলামাবাদের আর্ন্তজাতিক ইসলামিক বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে যোগদান করেন। এর কিছুদিন পরই তিনি সেই বিশ্ববিদ্যালয় ছেড়ে দিয়ে পুরোপুরি আফগানিস্তানের জিহাদের কাজে আত্মনিয়োগ করেন।
১৯৮০ সালের প্রথম দিকেই শাইখ আব্দুল্লাহ আয্যম রহ. জিহাদের অভিজ্ঞতা অর্জনের জন্য আফগানিস্তানে আসেন। এই জিহাদের মধ্যে আত্মনিয়োগের মাধ্যমে তিনি আল্লাহর পথে যুদ্ধ করার পূর্ণ তৃপ্তি অনুভব করেন, ঠিক যেভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছিলেন, "আল্লাহর পথে যুদ্ধের ময়দানে এক মুহূর্ত দন্ডায়মান হওয়া, ৬০ বছর ধরে ইবাদতের চেয়ে শ্রেয়।"

এই হাদীসের দ্বারা উদ্বুদ্ধ হয়ে শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. এমনকি তাঁর পরিবারকে পর্যন্ত পাকিস্তানে নিয়ে আসেন। যাতে তিনি জিহাদের ময়দানের আরও নিকটবর্তী হতে পারেন। এর কিছুদিন পরেই তিনি জিহাদ ও শাহাদাতের ভূমিতে অবস্থান করার উদ্দেশ্যে ইসলামাবাদ ছেড়ে পেশোয়ারে চলে যান।
পেশোয়ারে আব্দুল্লাহ আযাযাম ও তাঁর প্রিয় বন্ধু উসামা বিন লাদেন বায়তুল আনসার (মুজাহিদীনদের সেবা সংস্থা) এর সন্ধান পান। যারা আফগান জিহাদের জন্য সমস্ত প্রকার সাহায্য সহযোগিতা করতে প্রস্তুত ছিল। এই সংস্থা অনেক নতুন মুজাহিদীনকে পাকিস্তানে প্রশিক্ষণ দান করতো যাতে তারা আফগানিস্তানে সম্মুখ কাতারে থেকে জিহাদ করতে পারে।
জিহাদের প্রচন্ড আকাঙ্খার কারণে শায়খ শুধু এটুকু করেই ক্ষ্যান্ত হননি বরং তিনি সরাসরি জিহাদের প্রথম কাতারেও শামিল হন এবং সাহসিকতার সাথে বীরের মত ভূমিকা পালন করেন।
আফগানিস্তানে তিনি একটি নির্দিষ্ট জায়গায় খুব সময়ই অবস্থান করতেন। তিনি গোটা দেশ সফর করেছেন; এর অধিকাংশ প্রদেশগুলো হচ্ছে, লোগার, কান্দাহার, হিন্দুকুশ পর্বতমালা, পাঞ্জসের উপত্যকা, কাবুল, জালালাবাদ। এই সফর করার কারণে তিনি আফগানিস্তানের সাধারণ যোদ্ধাদের সাথে পরিচিত হবার সুযোগ পান যারা আল্লাহর কালিমাকে প্রতিষ্ঠিত করার জন্য নিজেদের জীবন ও সম্পদ দ্বারা জিহাদে লিপ্ত ছিল।
সফর থেকে ফেরত আসার পর পেশোয়ারে তিনি নিরবিচ্ছিন্নভাবে জিহাদের ব্যাপারে খুতবা দিতে লাগলেন। তিনি বিভক্ত মুজাহিদীন নেতাদের ঐক্যবদ্ধ হওয়ার জন্য দুয়া করতেন এবং যারা এখন পর্যন্ত জিহাদের কাতারে শামিল

শাইখ আব্দুল্লাহ্ আয্যাম রহ. ফিলিস্তিনের জিহাদের মধ্যে একটি দীর্ঘ সময় অতিবাহিত করেন। যদিও সেখানকার কিছু বিষয় তাঁর খুবই অপছন্দনীয় ছিল, যেমন এর মধ্যে অনেককেই যোগদান করেছিল যারা ইসলাম থেকে অনেক দূরে ছিল। তাদের ব্যাপারে তিনি বলতেন কিভাবে তারা ফিলিস্তিন মুক্তির জিহাদে সফল হবে, যেখানে তারা প্লেয়িং কার্ড ও গান শোনা ইত্যাদির মধ্যে দিয়ে রাত অতিবাহিত করে?

শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. আরও উল্লেখ করে বলেন, হাজারো মানুষের মধ্যে জনবহুল জায়গায় যখন তাদের সবাইকে সালাতের জন্য আহ্বান করা হতো, তখন তাদের মধ্যে থেকে এত কম সংখ্যক মানুষ সালাতে উপস্থিত হত যা এক হাতের আঙ্গুল দিয়েই গনা যায়। তিনি তাদেরকে ইসলামের দিকে পরিচালনার চেষ্টা করতেন, কিন্তু তারা তাঁর এই প্রচেষ্টার বিরোধীতা করত। একদিন তিনি ফিলিস্তিনের জাতীয়তাবাদী এক মুক্তিযোদ্ধাকে জিজ্ঞাসা করলেন, ফিলিস্তিনে চলমান এই আন্দোলন ও জিহাদের চূড়ান্ত লক্ষ্য কি? আপনারা এটি কি ইসলামের জন্য করছেন না? এই অভ্যুত্থানে দ্বীনের সাথে কী সম্পর্ক রয়েছে?

জাতীয়তাবাদের ভূত কাঁধে নেয়া সেই যোদ্ধা বোকার মতো এবং সুস্পষ্ট ভাষায় বললো, "আমাদের এই অভ্যুত্থানের পিছনে দ্বীনের কোন সম্পর্ক নেই।" (অর্থাৎ তাদের সংগ্রাম ও যুদ্ধ ইসলাম প্রতিষ্ঠার জন্য নয়।)

এটি ছিলো সেখানে তাঁর অবস্থানের শেষ মুহুর্তের কথা, এরপর তিনি ফিলিস্তিন ত্যাগ করে সৌদি আরবে সেখানকার বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার জন্য চলে যান।

যখন শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. উপলব্ধি করতে পারলেন যে, তাওহীদ ও ইসলামের সঠিক চেতনায় উদ্বুদ্ধ ঐক্যবদ্ধ মুসলিম তারুণ্যই একমাত্র এই উম্মাহর বিজয় ফিরিয়ে আনতে পারে, তখন তখন থেকে জিহাদ এবং বন্দুক হয়ে যায় তার প্রধান কাজ ও বিনোদন। তাই তখন থেকে তার ঘোষণা ছিলো- "আর কোন সমঝোতা নয়, নয় সংলাপ অথবা আলাপ-আলোচনা, সমাধান একমাত্র জিহাদ এবং রাইফেল।"

তিনি যা বলতেন, তার উপর আগে তিনি নিজে আমল করতেন। শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. ছিলেন প্রথম আরব যিনি আফগানিস্তানে সোভিয়েত ইউনিয়নের কমিউনিষ্টদের বিরুদ্ধে জিহাদে যোগদান করেছিলেন।

১৯৮০ সালে তিনি সৌদি আরবে থাকাকালীন সময়ে একবার একজন আফগান মুজাহিদের সাথে তাঁর সাক্ষাত হয় যিনি হজ্জ করার উদ্দেশ্যে সেখানে এসেছিলেন। অতঃপর তিনি তাঁদের মধ্যেই সময় কাটালেন এবং আফগান জিহাদের বিষয়ে আরো কিছু জানতে চাইলেন। যখন তাঁকে আফগান জিহাদের ঘটনাগুলো বলা হচ্ছিলো তখন এ বিষয়গুলো তাঁর কাছে একেবারেই নতুন ও আশ্চর্যজনক মনে হচ্ছিলো। তিনি বুঝতে পারলেন যে এতোদিন যাবৎ তিনি

এই পথটিকেই খোঁজ করছিলেন। এভাবেই তিনি সৌদি আরবের জেদ্দায় বাদশাহ আব্দুল আজিজ বিশ্ববিদ্যালয় থেকে তাঁর শিক্ষকতা পেশাকে ত্যাগ করেন এবং সেখান থেকে তিনি পাকিস্তানের ইসলামাবাদে চলে যান জিহাদে অংশগ্রহণ করার জন্য এবং তাঁর বাকী জীবন তিনি এর মধ্যেই অতিবাহিত করেন। সেখানে গিয়ে তিনি আরও কিছু মুজাহিদ নেতার খোঁজ পেয়ে যান।
পাকিস্তানে অবস্থানের প্রথম দিকেই তিনি ইসলামাবাদের আর্ন্তজাতিক ইসলামিক বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে যোগদান করেন। এর কিছুদিন পরই তিনি সেই বিশ্ববিদ্যালয় ছেড়ে দিয়ে পুরোপুরি আফগানিস্তানের জিহাদের কাজে আত্মনিয়োগ করেন।
১৯৮০ সালের প্রথম দিকেই শাইখ আব্দুল্লাহ আয্যম রহ. জিহাদের অভিজ্ঞতা অর্জনের জন্য আফগানিস্তানে আসেন। এই জিহাদের মধ্যে আত্মনিয়োগের মাধ্যমে তিনি আল্লাহর পথে যুদ্ধ করার পূর্ণ তৃপ্তি অনুভব করেন, ঠিক যেভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছিলেন, "আল্লাহর পথে যুদ্ধের ময়দানে এক মুহুর্ত দন্ডায়মান হওয়া, ৬০ বছর ধরে ইবাদতের চেয়ে শ্রেয়।"

এই হাদীসের দ্বারা উদ্বুদ্ধ হয়ে শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. এমনকি তাঁর পরিবারকে পর্যন্ত পাকিস্তানে নিযে আসেন। যাতে তিনি জিহাদের ময়দানের আরও নিকটবর্তী হতে পারেন। এর কিছুদিন পরেই তিনি জিহাদ ও শাহাদাতের ভূমিতে অবস্থান করার উদ্দেশ্যে ইসলামাবাদ ছেড়ে পেশোয়ারে চলে যান।
পেশোয়ারে আব্দুল্লাহ আযাযাম ও তাঁর প্রিয় বন্ধু উসামা বিন লাদেন বায়তুল আনসার (মুজাহিদীনদের সেবা সংস্থা) এর সন্ধান পান। যারা আফগান জিহাদের জন্য সমস্ত প্রকার সাহায্য সহযোগিতা করতে প্রস্তুত ছিল। এই সংস্থা অনেক নতুন মুজাহিদীনকে পাকিস্তানে প্রশিক্ষণ দান করতো যাতে তারা আফগানিস্তানে সম্মুখ কাতারে থেকে জিহাদ করতে পারে।
জিহাদের প্রচন্ড আকাঙ্খার কারণে শায়খ শুধু এটুকু করেই ক্ষ্যন্ত হননি বরং তিনি সরাসরি জিহাদের প্রথম কাতারেও শামিল হন এবং সাহসিকতার সাথে বীরের মত ভূমিকা পালন করেন।
আফগানিস্তানে তিনি একটি নির্দিষ্ট জায়গায় খুব সময়ই অবস্থান করতেন। তিনি গোটা দেশ সফর করেছেন; এর অধিকাংশ প্রদেশগুলো হচ্ছে, লোগার, কান্দাহার, হিন্দুকুশ পর্বতমালা, পাঞ্জসের উপত্যকা, কাবুল, জালালাবাদ। এই সফর করার কারণে তিনি আফগানিস্তানের সাধারণ যোদ্ধাদের সাথে পরিচিত হবার সুযোগ পান যারা আল্লাহর কালিমাকে প্রতিষ্ঠিত করার জন্য নিজেদের জীবন ও সম্পদ দ্বারা জিহাদে লিপ্ত ছিল।
সফর থেকে ফেরত আসার পর পেশোয়ারে তিনি নিরবিচ্ছিন্নভাবে জিহাদের ব্যাপারে খুতবা দিতে লাগলেন। তিনি বিভক্ত মুজাহিদীন নেতাদের ঐক্যবদ্ধ হওয়ার জন্য দুয়া করতেন এবং যারা এখন পর্যন্ত জিহাদের কাতারে শামিল

হয়নি ও আল্লাহর রাহে অস্ত্র তুলে নেয়নি খুব দেরি হওয়ার পূর্বেই তাদেরকে তাদের দায়িত্বে ফিরে আসার জন্য আহ্বান জানাতেন।

আফগান জিহাদ দ্বারা শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. অত্যন্ত প্রভাবিত হয়েছিলেন, ঠিক একইভাবে আফগান জিহাদও তার দ্বারা সীমাহীন উপকৃত হয়েছিল। তিনি তাঁর পুরো সময় এই কাজের মধ্যেই নিয়োজিত থাকতেন। আফগান মুজাহিদ নেতাদের কাছে তাঁর ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ ছিল। মুসলিম উম্মাহকে আফগান জিহাদের বিষয়ে জাগ্রত করার জন্য তিনি তাঁর পক্ষে করা সম্ভব এমন কোন প্রচেষ্টাকেই বাকী রাখেন নি। তিনি সারা বিশ্বের প্রতিটি কোনায় সফর করেন এবং মুসলিমদের ভূমি ও দ্বীনকে হেফাজতের জন্য তাদেরকে ঘর থেকে বেরিয়ে আসার আহ্বান জানান। তিনি জিহাদের উপর অনেক বই লিখেছেন। যেমন 'এসো কাফেলাবদ্ধ হই', 'আফগান জিহাদে রহমান এর মুযিজাসমূহ', 'মুসলিম ভূমিসূমহের প্রতিরক্ষা', 'কারা জান্নাতের কুমারীদের ভালোবাসে?' ইত্যাদি।
তাঁর বয়স চল্লিশোর্ধ হয়ে যাওয়ার পরও জিহাদে অংশগ্রহণ অব্যাহত রেখেছিলেন। তিনি আফগানিস্তানের পূর্ব থেকে পশ্চিমে, উত্তর থেকে দক্ষিণে, বরফের এলাকায়, পাহাড়ে, গরম-ঠান্ডায়, গাধায় চলে, পায়ে হেঁটে সফর করেছেন। তাঁর সাথে কোন যুবক থাকলে ক্লান্ত হয়ে পড়তো। অথচ শাইখ ক্লান্ত হতেন না।

তিনি আফগানিস্তানের জিহাদের বিষয়ে মুসলিমদের দৃষ্টিভঙ্গিকে পরিবর্তন করেছেন এবং এই জিহাদ যে ইসলামের জন্য করা হচ্ছে তা সারাবিশ্বের মুসলিমদেরকে বুঝাতে সক্ষম হয়েছেন। তাঁর এই অক্লান্ত প্রচেষ্টার ফলে আফগান জিহাদ আর্ন্তজাতিক রুপ লাভ করে এবং এতে বিশ্বের প্রতিটি প্রান্ত থেকে মুসলিমরা অংশগ্রহণ করা শুরু করে। পূর্ব থেকে পশ্চিম ও উত্তর দক্ষিণ পৃথিবীর চতুর্দিক থেকে খুব দ্রুত ইসলামের সৈনিকরা তাদের জিহাদের ফরজিয়াত আদায় এবং নির্যাতিত মুসলিম ভাই ও বোনদেরকে রক্ষা করার জন্য এগিয়ে আসতে থাকে।
শাইখের জীবন আবর্তিত ছিল একটি মাত্র বিষয়কে কেন্দ্র করে, আর তা ছিল আল্লাহর হুকুমকে এই জমীনের বুকে প্রতিষ্ঠিত করা, যা প্রতিটি মুসলিম জীবনের লক্ষ্য হওয়া উচিত। তাঁর সারা জীবনের একমাত্র মহৎ লক্ষ্য ছিলো জিহাদের মাধ্যমে খিলাফার পুণঃপ্রতিষ্ঠা করা। তিনি বিশ্বাস করতেন যে, পৃথিবীর বুকে খিলাফাহ প্রতিষ্ঠার পূর্ব পর্যন্ত জিহাদ চালিয়ে যেতে হবে যাতে সারা বিশ্বব্যাপী ইসলামের আলো জ্বলে উঠে।
তিনি এ কাজে তাঁর পরিবারকেও উৎসাহিত করতেন। যার ফলশ্রুতিতে তার স্ত্রীকে দেখা যেত ইয়াতীমদের সেবা এবং অন্যান্য মানুষের দুঃখ-দূর্দশায় সহযোগিতামূলক কাজে নিয়োজিত থাকতে। তিনি অনেক বারই বিশ্ববিদ্যালয়ে

শিক্ষকতার প্রস্তাবকে প্রত্যাখ্যান করেছিলেন এবং বলতেন, তিনি ততক্ষণ পর্যন্ত জিহাদ চালিয়ে যাবেন যতক্ষণ পর্যন্ত হয় তিনি শহীদ হবেন নতুবা তাকে হত্যা করা হবে। ফিলিস্তিনকে মুক্ত করা তাঁর চূড়ান্ত লক্ষ্য হলেও আফগান জিহাদকে তিনি এতই ভালোবেসেছিলেন যে প্রায়ই একটি কথা পুনরাবৃত্তি করে বলতেন, "তিনটি অবস্থা ব্যতীত আমি কখনো জিহাদের ভূমি ত্যাগ করব না; হয় আমি আফগানিস্তানে নিহত হব, নতুবা পেশোয়ারে নিহত হব নতুবা আমার হাতা বাঁধা অবস্থায় পাকিস্তান থেকে বহিস্কৃত হব।"

বিংশ শতাব্দিতে আফগানিস্তানের জিহাদের মাধ্যমে শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. জিহাদের একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ হয়ে উঠেন। তিনি মুসলিমদের হৃদয়কে জিহাদ এবং প্রয়োজনীয় বিষয়ে দারুণভাবে নাড়া দিতে সক্ষম হয়েছেন, তা জিহাদে অংশগ্রহণের মাধ্যমে অথবা উদ্বুদ্ধ করার মাধ্যেমে কিংবা জিহাদের বিষয়ে ছুড়ে দেয়া ভ্রান্ত ধারণাগুলোকে দূর করার মাধ্যমেই হোক না কেন। তরুণ প্রজন্মকে জিহাদের পথে আহ্বানের মাধ্যমে তিনি আলেমদের নিকট এক অনুসরণীয় দৃষ্টান্ত রেখে গেছেন। তিনি জিহাদ এবং এর যে কোন প্রয়োজনীয়তাকে খুব গুরুত্বের সাথে মূল্যায়ন করতেন। একদিন তিনি বলেছিলেন, "আমি মনে করি আমার প্রকৃত বয়স হচ্ছে নয় বছর, সাড়ে সাত বছর কেটেছে আফগান জিহাদে আর দেড় বছর কেটেছে ফিলিস্তিন জিহাদে, এছাড়া আমার কাছে আমার জীবনের বাকী বয়সগুলোর কোন মূল্য নেই।"

মিম্বারে দাঁড়িয়ে খুতবা দেওয়ার সময় প্রায়ই তিনি অত্যন্ত দৃঢ়তার সাথে বলতেন, "জিহাদ পরিত্যাগ করা হবে না, যতক্ষণ পর্যন্ত এক আল্লাহর ইবাদত করা হয়। এই জিহাদ চলতে থাকবে যতক্ষণ পর্যন্ত না আল্লাহর কালিমাকে সবার উপরে তোলা হয়। জিহাদ চলবে যতক্ষণ পর্যন্ত না সকল নির্যাতিত মানুষ মুক্ত হয়। জিহাদ চলবে আমাদের সম্মান ও দখলকৃত ভূমিগুলো ফিরিয়ে আনার আগ পর্যন্ত। জিহাদ হচ্ছে চিরস্থায়ী মর্যাদার পথ।"

যারা শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. কে পূর্ব থেকে চিনতেন তারা সবাই অতীত ইতিহাসের আলোকে তাঁর ব্যাপারে সাক্ষ্য দিয়েছেন যে, তিনি ছিলেন অত্যন্ত সাহসী বক্তা। শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. মুসলিম উম্মাহকে উপলক্ষ্য করে খুতবা দেয়ার সময় বলতেন যে, "মুসলিমরা কখনোই অপর জাতির দ্বারা পরাজিত হয় না। আমরা মুসলিমরা কখনোই আমাদের শত্রুদের কাছে পরাজিত হই নি, কিন্তু আমরা পরাজিত হয়েছি আমাদের নিজেদের লোকদের কাছে। জাতির নিকৃষ্ট মুনাফিক ও গাদ্দারদের কাছে।"
তিনি ছিলেন একজন উত্তম ব্যক্তিত্বের অধিকারী। ধর্মানুরাগ, আল্লাহর প্রতি নির্ভরশীলতা এবং সংযমশীলতা ছিলো তাঁর চারিত্রিক অলংকার। তিনি কখনোই কারো সাথে মন্দ আচরণ দেখাতেন না। শাইখ আয্যাম রহ. সব

সময় তরুণদের কথা মনোযোগ দিয়ে শুনতেন; তিনি তাদেরকে সম্মান করতেন এবং সকল প্রকার ভয়-ভীতিকে অতিক্রম করে তাদের হৃদয়ের সুপ্ত সাহসিকতাকে জাগিয়ে তুলতেন।
তিনি অবিরাম সিয়াম পালন করতেন; বিশেষ করে দাউদ (আলাইহি ওয়া সাল্লাম) -এর সুন্নাহ্ অর্থাৎ একদিন সিয়াম পালন করা এবং একদিন বিরত থাকা, এই নীতিতে তিনি সিয়াম পালন করতেন। তিনি অন্যদের সোম এবং বৃহস্পতিবার দিন সিয়াম পালন করার বিষয়ে খুব বেশি তাগিদ দিতেন। শাইখ ছিলেন একজন ন্যায়বান, সৎ মানুষ এবং তিনি কখনো কোন মুসলিমের সাথে খারাপ ভাষায় অথবা কষ্ট দিয়ে কথা বলতেন না।

আফগান জিহাদ চলাকালীন সময়ে তিনি সেখানকার বিভিন্ন মুজাহিদ দলকে একত্রিত করতে সক্ষম হয়েছিলেন। স্বভাবতইঃ মুসলিমদের এই সফলতা দেখে ইসলামের শত্রুরা নিদারুণ যন্ত্রণা অনুভব করতে লাগল এবং তারা তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করল।
১৯৮৯ সালের নভেম্বর মাসের ঘটনা। তিনি যেই মিম্বারে উঠে নিয়মিত জুম'আর খুতবা দিতেন তার নিচে একটি মারাত্মক শক্তিশালী টি,এন,টি বিস্ফোরক রাখা হয়েছিল। এটি এতই ভয়াবহ ছিল যে, এটি বিস্ফোরিত হলে মসজিদের ভিতরস্থ সকল মানুষ নিয়ে পুরো মসজিদটিই ধ্বসে যেতে পারতো। কিন্তু আল্লাহ যাঁকে বাঁচিয়ে রাখতে চান তাঁকে মারার ক্ষমতা কার আছে? অলৌকিকভাবে বিস্ফোরকটি তখন বিস্ফোরিত হয়নি।

শত্রুরা তাদের ষড়যন্ত্রকে বাস্তবায়নের জন্য দৃঢ় প্রতিজ্ঞ ছিল, তাই তারা কিছুদিন পরে ঠিক একই বছরে পেশোয়ারে আবারও তাদের দুষ্কর্ম বাস্তবায়নের চেষ্টা চালায়। আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা যখন সিদ্ধান্ত নিলেন যে, শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. - কে এই দুনিয়া থেকে তুলে নিয়ে তার সৎকর্মশীল বান্দাদের সাথে রাখবেন (আমরা তার ব্যাপারে এরূপ ধারণাই করে থাকি), তিনি তাঁর মহৎ ব্যক্তিত্বের সাথে আখিরাতের দিকে প্রত্যাবর্তন করলেন। দিনটি ছিল ১৯৮৯ সালের ২৪শে নভেম্বর, শুক্রবার এবং সময় ছিল বেলা ১২:৩০।

শত্রুরা তিনটি বোমা রাস্তার পাশে পুঁতে রেখেছিল আর রাস্তাটি এতই সরু ছিল যে, সেখান দিয়ে একটি গাড়ির বেশি অতিক্রম করতে পারত না। শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. এই রাস্তা দিয়ে প্রতি শুক্রবার জুম'আর সালাত আদায় করতে যেতেন। সেদিন শাইখ, তাঁর দুই পুত্র ইবরাহীম এবং মুহাম্মাদকে সাথে নিয়ে যাচ্ছিলেন এবং তাঁর আরেক সন্তান তামিম আদনানী (যিনি প্রসিদ্ধ আলিম ও আফগান জিহাদের আরেকজন বীর মুজাহিদ ছিলেন) একাকী অন্য আরেকটি গাড়িতে করে আসছিলেন। প্রথম বোমাটি যেখানে পুঁতে রাখা হয়েছিল ঠিক সেই জায়গাতেই গাড়িটি থামানো হলো এবং শাইখ গাড়ি থেকে নেমে হাটা

শুরু করলেন আর তখনই শত্রুদের বোমাটি মারাত্মক বিকট শব্দ নিয়ে বিস্ফোরিত হলো যার আওয়াজ পুরো শহরবাসী শুনতে পেয়েছিল।

মসজিদ এবং আশপাশ থেকে মানুষ ঘটনাস্থলে দৌড়ে আসলো। সেখানে গাড়ির বিক্ষিপ্ত কিছু টুকরো ছাড়া আর কিছুই তারা দেখতে পেল না। তার ছোট পুত্রের দেহ বিস্ফোরণের ফলে ১০০ মিটার আকাশের উপরে উঠে গিয়েছিল, বাকী দুজনের দেহও একই পরিমাণের উচ্চতায় উপরে উঠে গিয়েছিল এবং তাদের দেহের বিভিন্ন অংশ গাছ এবং বৈদ্যুতির তারের সাথে ঝুলন্ত অবস্থায় পাওয়া গিয়েছিল। আর শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. এর দেহটি ছিলো অক্ষত শুধুমাত্র মুখ দিয়ে কিছু রক্ত প্রবাহিত অবস্থায় একটি দেয়ালের সাথে হেলানো অবস্থায় পাওয়া গেল।

ঐ চরম বিস্ফোরণের মাধ্যমেই শাইখ আব্দুল্লাহ আয্যাম রহ. এর দুনিয়ার যাত্রার পরিসমাপ্তি ঘটে -যিনি তাঁর জীবনের অধিকাংশ সময়ই আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার পথে জিহাদ করার মাধ্যমে কাটিয়েছিলেন। এর মাধ্যমে তাঁর জন্য জান্নাতের বাগান আরো সুনিশ্চিত হয়ে যায়। আমরা আল্লাহ তা'আলার নিকট প্রার্থনা করি, যেন তিনি তাঁকে শহীদ হিসেবে কবুল করে নেন এবং তাঁর সম্মানিত বান্দাদের সাথে থাকার সুযোগ দান করেন। যেমনটি মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা নিজেই বলেছেন,

وَمَنْ يُطِعِ اللَّهَ وَالرَّسُولَ فَأُولَئِكَ مَعَ الَّذِينَ أَنْعَمَ اللَّهُ عَلَيْهِمْ مِنَ النَّبِيِّينَ وَالصِّدِّيقِينَ وَالشُّهَدَاءِ وَالصَّالِحِينَ وَحَسُنَ أُولَئِكَ رَفِيقًا.

অর্থ: "আর যাঁরা আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করে আল্লাহর অনুগ্রহপ্রাপ্ত বান্দাদের সাথেই থাকবে - (আল্লাহর অনুগ্রহপ্রাপ্ত বান্দা হলেন) নবী, সিদ্দীক, শহীদ ও সৎকর্মশীলদের মধ্য থেকে। আর সাথী হিসেবে তারা হবে উত্তম।"[১]

আর এভাবেই এই মহান শাইখ এবং জিহাদকে পুনঃজীবিতকারী, জিহাদের ভূমি এবং এই দুনিয়াকে ছেড়ে চলে যান, যিনি আর কখনো ফিরে আসবেন না। তাঁকে পেশোয়ারে শহীদদের কবরস্থান পাবীতে কবর দেয়া হয়। যেখানে তাঁকে আরো শতাধিক শহীদদের মাঝে শায়িত করা হয়। আল্লাহ তা'আলা তাঁর শাহাদাতকে কবুল করুন এবং তাঁকে জান্নাতের সবচেয়ে উঁচু মর্যাদা দান করুন।

ইসলামের শত্রুদের বিভিন্ন বাঁধা-বিপত্তির পরেও তিনি বিভিন্ন দেশে তাঁর জিহাদের প্রচেষ্টাকে অব্যাহত রেখেছিলেন। তাই বিংশ শতাব্দিতে এমন কোন জিহাদের ভূমি পাওয়া যায় নি অথবা এমন কোন মুজাহিদ দেখা যায় নি যিনি

---

[১] সূরা নিসা, আয়াত ৬৯।

শাইখ আব্দুল্লাহ আয্‌যাম রহ.- এর জীবনী, শিক্ষা অথবা তাঁর কাজ দ্বারা উদ্বুদ্ধ না হয়েছেন।
বিংশ শতাব্দিতে তাঁর জীবনের ১৯৭৯-৮৯ এই দশ বছরের সময়কালটি ইসলামের ইতিহাসে স্বর্ণাক্ষরে লিপিবদ্ধ হয়ে আছে। একদা শাইখ আব্দুল্লাহ আয্‌যাম রহ. নিজেই বলেছিলেন, "ইসলামের ইতিহাস শহীদদের রক্ত, স্মৃতি এবং দৃষ্টান্ত ছাড়া লেখা যায় না।"

আমরা আল্লাহ তা'আলার নিকট প্রার্থনা করি, যেন তিনি শাইখ আব্দুল্লাহ আয্‌যাম রহ. এর সকল প্রচেষ্টাগুলোকে কবুল করে নেন এবং তাঁকে জান্নাতের সবচেয়ে উঁচু মর্যাদা দান করেন।
আমরা আল্লাহ তা'আলার নিকট আরো প্রার্থনা করি যেন তিনি এই উম্মতের জন্য শায়খের মতো মহৎ চরিত্রের আরো আলিম দান করেন -যারা এই উম্মাহকে জাগিয়ে তুলবেন।
আল্লাহ আমাদের সকলকে তাঁর দীনের জন্য কবুল করুন। আমীন।

عن كَعْبِ بنِ عُجرَةَ قالَ: " قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: اسْمَعُوا هَلْ سَمِعْتُمْ أَنَّهُ سَيَكُونُ بَعْدِي أُمَرَاءُ فَمَنْ دَخَلَ عَلَيْهِمْ فَصَدَّقَهُمْ بِكَذِبِهِمْ وَأَعَانَهُمْ عَلَى ظُلْمِهِمْ فَلَيْسَ مِنِّي وَلَسْتُ مِنْهُ وَلَيْسَ بِوَارِدٍ عَلَيَّ الْحَوْضَ وَمَنْ لَمْ يَدْخُلْ عَلَيْهِمْ وَلَمْ يُعِنْهُمْ عَلَى ظُلْمِهِمْ وَلَمْ يُصَدِّقْهُمْ بِكَذِبِهِمْ فَهُوَ مِنِّي وَأَنَا مِنْهُ وَهُوَ وَارِدٌ عَلَيَّ الْحَوْضَ".

হযরত কা'ব ইবনে উজরত রা. থেকে বর্ণিত, তিনি বলেন প্রিয়নবী সা. আমাদের কাছে এসে বললেন, জেনে রাখো আমার পর অচিরেই অনেক জালিম শাসক আসবে। যারা সেই সকল শাসকদের সাথে আঁতাত করবে, তাদের অন্যায়গুলোকে সমর্থন দিবে এবং তাদের জুলুমে সহযোগিতা করবে, সে আমার উম্মত নয় এবং আমিও তার দায়িত্ব নিবো না এবং (কিয়ামতের দিন) তাকে আমার হাউজে কাউসারের সামনে আসতে দেয়া হবে না। আর যাঁরা সেই সকল জালিম শাসকদের সাথে আঁতাত করবে না, তাদের জুলুমে সহায়তা করবে না বরং তাদের অন্যায়সমূহের বিরোধিতা করবে তাঁরা আমার উম্মত এবং আমি তাঁদের দায়িত্ব নিবো এবং তাঁদেরকেই (কিয়ামতের দিন) হাউজে কাউসারের পানি পান করানো হবে।" (সহীহ তিরমিজি, হাদীস নং ২২৯৫, নাসায়ী)

সূচীপত্র

শায়খ আব্দুল্লাহ আযযাম সম্পর্কে কিছু ঐতিহাসিক উক্তি

"শাইখ আব্দুল্লাহ আয্‌যাম রহ. একক কোন ব্যক্তি ছিলেন না, বরং তিনি ছিলেন একাই পুরো একটি উম্মত। তাঁর শাহাদাতের পরে মুসলিম মায়েরা তার মত দ্বিতীয় একটি সন্তানকে জন্ম দিতে ব্যর্থ হয়েছেন।" (-শাইখ উসামা বিন লাদেন রহ., আল-জাজিরা টিভি চ্যানেলের সাক্ষাতকার, ১৯৯৯।)

"বিংশ শতাব্দীতে জিহাদের পূন:জাগরণে তিনিই দায়ী।"-টাইম ম্যাগজিন।

"তাঁর কোন কথা সাধারণ মানুষের কথা ছিল না, তাঁর কথা খুবই অল্প কিন্তু এর অর্থ ছিল অত্যন্ত গভীর। যখন আমরা তাঁর চোখের দিকে তাকাতাম, তখন আমাদের অন্তর ঈমান এবং আল্লাহর প্রতি ভালোবাসায় পরিপূর্ণ হয়ে যেত।" [মক্কা থেকে একজন মুজাহিদ আলেম]

বর্তমান বিশ্বে এমন কোন জিহাদের ভূমি অথবা আল্লাহর পথে যুদ্ধরত মুজাহিদ নেই, যিনি শাইখ আব্দুল্লাহ আয্‌যাম রহ.- এর জীবনী, শিক্ষা এবং তাঁর কাজের দ্বারা প্রভাবিত না হয়েছেন।" [আয্‌যাম পাবলিকেশন্স]
১৯৮০ -এর দশকে শহীদ শাইখ আব্দুল্লাহ আয্‌যাম রহ. ছিলেন এমন এক মুদ্রিত নাম, যার কথা চেচনিয়ার জিহাদের ময়দানগুলোতে আজও বার বার প্রতিধ্বণিত হয়ে চলছে। তিনি মুজাহিদীনদের ব্যাপারে বলতেন, যে জিহাদের ময়দানে মারা গেল সে যেন শরীক হল শহীদী কাফেলার সাথে। [ইবনুল খাত্তাব রহ. -চেচনিয়ার মহান মুক্তিযোদ্ধা]

يُرِيدُونَ أَنْ يُطْفِئُوا نُورَ اللَّهِ بِأَفْوَاهِهِمْ وَيَأْبَى اللَّهُ إِلا أَنْ يُتِمَّ نُورَهُ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ. هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ.

অর্থ: "তারা তাদের মুখের ফু দিয়ে আল্লাহর নূরকে নির্বাপিত করতে চায় কিন্তু আল্লাহ তো তাঁর নূর পরিপূর্ণ করা ছাড়া অন্য কিছু চান না, - কাফিররা এটা যতই অপছন্দ করুক না কেন। তিনিই তাঁর রাসূলকে হিদায়াত ও সত্য দীনসহ প্রেরণ করেছেন, যাতে তিনি একে সকল দীনের উপর বিজয়ী করেন, যদিও মুশরিকরা অপছন্দ করে।" (সূরা তাওবা, আয়াত ৩২-৩৩)

ভূমিকা

إن الحمد لله نحمده ونستعينه ونستغفره ونعوذ بالله من شرور أنفسنا وسيئات أعمالنا، من يهده الله فلا مضل له، ومن يضلل فلا هادي له، وأشهد أن لا إله إلا الله وأشهد أن محمدا عبده ورسوله، اللهم لا سهل إلا ما جعلته سهلا وأنت تجعل الحزن إذا شئت سهلا.

সকল প্রশংসা আল্লাহ তা'আলার জন্য। আমরা তাঁরই প্রশংসা করি এবং তাঁর কাছেই সাহায্য প্রাথনা করি। আমরা তাঁর নিকট ক্ষমা প্রার্থনা করি এবং আশ্রয় চাই আমাদের খারাপ আমল ও নফসের খারাবী থেকে। আল্লাহ তা'আলা যাকে হিদায়াত দান করেন কেউ তাকে গোমরাহ করতে পারে না। আর তিনি যাকে গোমরাহীর মধ্যে নিক্ষিপ্ত করেন কেউ তাকে হিদায়াত দান করতে পারে না। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি একক, তাঁর কোন শরীক নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর দাস এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।
হে আমার রব! কোন কিছুই সহজ নয় (তা ছাড়া) শুধুমাত্র আপনি যার জন্য তা সহজ করে দেন এবং আপনি যখন চান তখন তখন অন্ধকারের ভিতরেও আলো দান করেন।

আমি যখন এই ফাতাওয়াটি লিখি তখন এটি বর্তমানের আকারের চেয়ে আরো বড় ছিল। আমি এটিকে আমাদের সম্মানিত শাইখ আব্দুল আজিজ বিন বাজকে দেখাই। আমি তার সামনে ফাতাওয়াটি পড়ি; এবং তিনি পুরো ফাতাওয়াটি শুনে এর সাথে একমত পোষণ করেন এবং বলেন এটি খুব ভাল। তবে তিনি আমাদের উপদেশ দেন ফাতাওয়াটি আরো সংক্ষিপ্ত করার জন্য এবং এর শুরুতে একটি ভূমিকা দেয়ার জন্য যখন এটি প্রকাশ করা হবে। পরবর্তীতে তিনি ব্যস্ত হয়ে পরেন কারণ তখন ছিল হজ্জের মৌসুম, তাই এটি আর দ্বিতীয়বারের মত তাকে দেখাতে পারি নি।[২]
এরপর শাইখ বিন বাজ জেদ্দায় বিন লাদেন মসজিদে এবং রিয়াদের একটি বড় মসজিদে খুতবা দেয়ার সময় ঘোষণা দেন যে বর্তমান জিহাদ হচ্ছে

---

[২] ১৯৯ সালে এই কিতাবটি যখন লিখা শেষ হয়েছিলো তখন শাইখ বিন বাজ ইন্তেকাল করেছিলেন।

প্রত্যেকের জন্য ফরজে আইন। অতঃপর আমি এই ফাতাওয়াটির শেষে ছয়টি প্রশ্ন ছাড়া বিশিষ্ট শাইখ আব্দুল্লাহ আল ওয়ান, প্রভাষক সাঈদ হাউয়া, মুহাম্মান নাজীব আল-মুত'ঈী, ড. হাসান হামিদ হিসান এবং উমার সাইফ প্রমূখদের দেখাই। আমি তাদের সম্মূখে এটি পড়ে শুনাই এবং তাদের সবাই এতে একমত পোষণ করেন এবং এতে স্বাক্ষর করেন। এছাড়াও আমি শাইখ আব্দুর রাজ্জাক আফিফ্ফী, হাসান আইউব এবং ড. আহমেদ আল-আশাল এর সামনেও এটিকে পড়ে শুনিয়েছিলাম।

এরপর আমি হজ্জের মৌসুমে একটি খুতবা দেই সাধারণ পথনির্দেশনা সেন্টারের মধ্যে যা মিনায় অবস্থিত। সেখানে ইসলামী দেশগুলো থেকে প্রায় একশ'রও বেশি আলিম উপস্থিত ছিলেন। সেখানে আমি বলেছিলাম,
"এ ব্যাপারে পূর্ববর্তী সত্যানিষ্ঠ আলিমগণ" একমত পোষণ করেছেন এবং সকল যুগের মুহাদ্দিসগণ উপলব্ধি করেছেন যে, যদি মুসলিমদের ভূমির এক বিঘত পরিমাণ জায়গাও কুফ্ফাররা দখল করে নেয়, তখন প্রত্যেক মুসলিম নর-নারীর উপর জিহাদ করা ফরজে আইন (সবার জন্য ফরজ) হয়ে যায়। ঐ মুহুর্তে জিহাদে বের হওয়ার জন্য সন্তানের প্রয়োজন হয় না তার পিতা-মাতার কাছ থেকে অনুমতি নেয়া এবং স্ত্রীরও তার স্বামীর কাছে থেকে অনুমতি নেয়ার প্রয়োজন হয় না।"

আমি আমিরুল জিহাদের (সাইয়াফ)- অধীনে ৩ বছর সময় আফগানিস্তানে জিহাদে কাটিয়ে এসেছি এবং আমি সেখানে জনশক্তির প্রয়োজনীয়তা অনুভব করেছি। সুতরাং এ বিষয়ে যদি কোন মত পার্থক্য থাকে, হে উলামা শাখায়েখগণ! তাহলে দাঁড়িয়ে যেতে পারেন। সেখানে একজনও দ্বিমত পোষণ করেন নি। এমতাবস্থায় ড. জাফর শাইখ ইদ্রীস উঠে বললেন, হে আমার ভাই! এ বিষয়ে আমাদের কোন দ্বিমত নেই।

অবশেষে আমি এই ফাতাওয়াটি প্রকাশ করি। আল্লাহ তা'আলা এই কিতাবটির মাধ্যমে মুসলিমদেরকে এই দুনিয়া ও আখিরাতের সমস্ত কল্যাণ এনে দিতে পারেন।

-আব্দুল্লাহ আযযাম।

১ম অধ্যায়ঃ
ঈমান আনার পর প্রথম ফরজ দায়িত্ব

সকল প্রশংসা আল্লাহ তা'আলার জন্য। আমরা তাঁরই প্রশংসা করি এবং তাঁর কাছেই সাহায্য প্রার্থনা করি। আমরা তাঁর নিকট ক্ষমা প্রার্থনা করি এবং আশ্রয় চাই আমাদের খারাপ আমল ও নফসের খারাবী থেকে।

আল্লাহ তা'আলা যাকে হিদায়াত দান করেন তাকে কেউ গোমরাহ করতে পারে না। আর তিনি যাকে গোমরাহীর মধ্যে নিক্ষিপ্ত করেন কেউ তাকে হিদায়াত দান করতে পারে না। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি একক, তার কোন শরীক নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার দাস এবং রাসুল। আল্লাহ তার উপর, তার পরিবার ও সাহাবী (রাদিআল্লাহু আনহুম)গণের উপর শান্তি বর্ষণ করুন।

অতপর...

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা এই দ্বীন (ইসলাম) -কে সমস্ত বিশ্ববাসীর উপর দয়া স্বরূপ পছন্দ করেছেন। তিনি এই দ্বীনের জন্য সর্বশেষ নবীকে পাঠিয়েছেন যিনি রাসূলদের মধ্যে সবচেয়ে বেশি রহমতপ্রাপ্ত। তাঁকে পাঠানো হয়েছে তীর ও বর্শার দ্বারা এই দ্বীনকে বিজয়ী করে তোলার জন্য; যখন এটি সবার নিকট সুস্পষ্ট দলীল ও যুক্তির দ্বারা পরিস্কার হয়ে যায়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

بعثت بين يدي الساعة بالسيف حتى يعبد الله تعالى وحده لا شريك له، وجعل رزقي تحت ظل رمحي وجعل الذل والصغار على فن خالف أمري، ومن تشبه بقوم فهو منهم.

অর্থঃ "আমাকে উত্থিত করা হয়েছে কিয়ামতের আগে তলোয়ার সহকারে যতক্ষণ পর্যন্ত না শিরকমুক্ত অবস্থায় এক আল্লাহর ইবাদাত করা হয়। তিনি আমার রিজিক রেখেছেন বর্শার ছায়ার নিচে এবং যারা আমার আদেশ প্রত্যাখ্যান করবে তাদের জন্য রয়েছে অবমাননা ও লাঞ্ছনা, যা নির্ধারিত

হয়েছে আল্লাহর পক্ষ হতে এবং যে তাদের (কাফিরদের) অনুসরণ করবে সে তাদের অন্তর্ভূক্ত।”[৩]

এভাবেই সর্বশক্তিমান আল্লাহ তা'আলা এই বিধানকে মানবজাতির উপর অনুগ্রহ স্বরূপ দান করেছেন এবং এটিকে দ্ব্যার্থহীন করে দিয়েছেন। অন্য কথায়, মানবজাতির পূর্ণগঠনের জন্যই সত্য-মিথ্যার এই দ্বন্দ্ব চলতে থাকবে, যেন সত্য সদা প্রবল হয় এবং যা কিছু উত্তম তা বিস্তার লাভ করে। এর আরও একটি উদ্দেশ্য হল মুমিনদের আমল এবং ইবাদাতের স্থানগুলোকে নিরাপদ রাখা। আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বলেন,

وَلَوْلَا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَهُدِّمَتْ صَوَامِعُ وَبِيَعٌ وَصَلَوَاتٌ وَمَسَاجِدُ يُذْكَرُ فِيهَا اسْمُ اللَّهِ كَثِيرًا وَلَيَنْصُرَنَّ اللَّهُ مَنْ يَنْصُرُهُ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ.

অর্থঃ “আল্লাহ্ যদি মানবজাতির একদলকে অপর দল দ্বারা প্রতিহত না করতেন, তবে গির্জা, ইবাদত খানা, (ইহুদীদের) উপাসনালয় এবং মসজিদসমূহ বিধ্বস্ত হয়ে যেত, যেগুলোতে আল্লাহ্র নাম অধিক স্মরণ করা হয়। আল্লাহ্ নিশ্চয়ই তাদেরকে সাহায্য করবেন, যারা আল্লাহ্কে সাহায্য করে। নিশ্চয়ই আল্লাহ্ পরাক্রমশালী, শক্তিধর।”[৪]

প্রতিরক্ষা অথবা জিহাদের বিধি-বিধান ও কৌশল সম্পর্কে আল্লাহর কিতাবের বিভিন্ন স্থানে উল্লেখ করা হয়েছে যাতে আমরা বুঝতে পারি যে, সত্যের নিজস্ব একটা শক্তি আছে যা দ্বারা সে নিজেকে টিকিয়ে রাখে। এখন প্রশ্ন হল যে, আর কতকাল এই সত্য (দ্বীন) পরাজিত হতে থাকবে এর বাহকদের অবহেলার কারণে? আর কত দিন মিথ্যা (অন্যান্য দ্বীনগুলো) বিজয়ী হবে তাদের সাহায্যকারীদের উৎসর্গের কারণে?

জিহাদ দু'টি প্রধান স্তম্ভের উপর প্রতিষ্ঠিত। আর তা হল ধৈর্য এবং মহত্ব। ধৈর্য্য এমন একটি গুণ যার দ্বারা আত্মার সাহসিকতা প্রকাশ পায় এবং মহত্ব কাউকে তার সম্পদ ও জানকে আত্মত্যাগ করতে শেখায়। আত্মত্যাগ যার মধ্যেই থাকুক না কেন এটি হচ্ছে একটি মহৎ গুণ যেমনটি হাদীসে বর্ণিত হয়েছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

الإيمان الصبر والسماحة.

---

[৩] মুসনাদে আহমাদ, তাফসীরে তবারানী, সহীহ জামিউস সগীর, হাদীস নং ২৮২৮।

[৪] সূরা হজ্ব, আয়াত ৪০।

অর্থ: "ঈমান হল ধৈর্য্য ও মহত্ত্ব।"[৫]

ইবনে তাইমিয়্যাহ রহ. বলেন, "ধৈর্য্য ও মহত্ত্ব ব্যতীত বনী আদমের দ্বীন এবং দুনিয়াবী বিষয় সংশোধন হবে না।[৬]

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা এই বিষয়টিকে আরো পরিস্কারভাবে জানিয়েছেন, যে কেউ জিহাদ ত্যাগ করবে তিনি তদস্থলে অন্য এমন কাউকে নিয়ে আসবেন, যারা এই কাজটি সম্পাদন করবে। মহান আল্লাহ বলেন,

إِلَّا تَنْفِرُوا يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوهُ شَيْئًا وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ.

অর্থ: "যদি তোমরা জিহাদে না বের হও তবে আল্লাহ তোমাদের মর্মন্তুদ **আযাব দেবেন** এবং অপর জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন। তোমরা **তাঁর কোন ক্ষতি** করতে পারবেনা, আর আল্লাহ সর্ববিষয়ে শক্তিমান।"[৭]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও **দু'টি পাপের উৎসকে** উল্লেখ করেছেন, **কৃপণতা ও কাপুরুষতা। এই উৎস দু'টি আত্মাকে কলু**ষিত করে এবং সমাজের **নৈতিক অবনতি ঘটায়। সহীহ হাদীসে** বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু **আলাইহি ওয়া সাল্লাম** বলেছেন,

شر ما في رجل شح هالع وجبن خالع.

অর্থ: "মানুষের মধ্যে সবচেয়ে খারাপ দিক হল কৃপণতা ও কাপুরুষতা।"[৮]

আমরা যদি অতীতের দিকে তাকাই তাহলে দেখতে পাবো আমাদের পূর্ববর্তী **আলিমগণ** জিহাদের বিধানকে আঁকড়ে ছিলেন এবং মানব জাতিকে এরই মাধ্যমে শিক্ষা এবং নেতৃত্ব দান করেছিলেন।

আল্লাহ তা'আলা বলেন,

وَجَعَلْنَا مِنْهُمْ أَئِمَّةً يَهْدُونَ بِأَمْرِنَا لَمَّا صَبَرُوا وَكَانُوا بِآيَاتِنَا يُوقِنُونَ.

অর্থ: "আর আমি তাদের মধ্য হতে নেতা মনোনীত করেছিলাম তাদেরকে যারা **আমার** নির্দেশ অনুসারে পথ প্রদর্শন করতো। যেহেতু তারা ধৈর্য্য ধারণ করেছিলো। আর তারা ছিলো আমার নিদর্শনাবলীতে দৃঢ় বিশ্বাসী।"[৯]

---

[৫] **মুসনাদে** আহমাদ, সহীহ।

[৬] **মাজমু**আ আল ফাতাওয়া ২৮/১৫৭।

[৭] **সূরা** তাওবাহ ৯:৩৮-৩৯।

[৮] **আবূ** দাউদ, বুখারী, সহীহ। সহীহ আল জামিয়া হাদীস ৩৬০৩।

হ হাদীসে বর্ণিত আছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

صلاح أول هذه الأمة بالزهد واليقين ويهلك آخرها بالبخل والأمل.

"আমার উম্মতের প্রথম অংশ ঈমানের দৃঢ়তা ও সংযমের দ্বারা গঠিত ছিল আর শেষ অংশ কাপুরুষতা এবং কৃপণতার দ্বারা ধ্বংসপ্রাপ্ত হবে।"[১০]

গ্যবশতঃ এমন কিছু জাতি ছিল যারা মুসলমানদের উত্তরসূরী ছিল, তারা াহর বিধানকে অবহেলা করতো। তারা তাদের রবকে ভুলে গিয়েছিল, তাই র রবও তাদেরকে ভুলে গিয়েছিলেন এবং তারা ধ্বংসপ্রাপ্ত হয়েছিল। ন আল্লাহ বলেন,

فَخَلَفَ مِنْ بَعْدِهِمْ خَلْفٌ أَضَاعُوا الصَّلَاةَ وَاتَّبَعُوا الشَّهَوَاتِ فَسَوْفَ يَلْقَوْنَ غَيًّا.

: "তাদের পরে আসল এমন এক অসৎ বংশধর যারা সালাত বিনষ্ট করল ং কুপ্রবৃত্তির অনুসরণ করল। সুতরাং শীঘ্রই তারা জাহান্নামের শাস্তি প্রত্যক্ষ বে।"[১১]

া তাদের নফসের অনুসরণ করত এবং তাদের আমলের খারাপগুলোকে দের নিকট শোভনীয় করে তোলা হয়েছিলো। সহীহ হাদীসে বর্ণিত, রাসূল াল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

إن الله يبغض كل جعظري جو اظ، سخاب في الأسواق، جيفة بالليل حمار بالنـ

عالم بالدنيا، جاهل بالآخرة)

: "আল্লাহ তা'আলা পছন্দ করেন না প্রত্যেক স্বার্থান্বেষী, উদ্ধ্যত ব্যক্তিকে বাজারে লক্ষ্যহীনভাবে ঘুরে বেরায়, রাত্রিতে লাশের মতো ঘুমিয়ে থাকে ং দিনের বেলায় গর্দভের ন্যায় থাকে, দুনিয়াবী বিষয়ে অনেক অভিজ্ঞ হলেও খরাতের বিষয়ে থাকে একদম মূর্খ।"[১২]

়য়ে যাওয়া অবশ্য পালনীয় কর্তব্যের মধ্যে একটি কর্তব্য হলো জিহাদ। না এটি এখন আর মুসলিমদের মধ্যে দেখা যায় না। যেনো তারা এখন ার পানির উপর ভেসে যাওয়া ময়লার মতো হয়ে গেছে। যেমনটি মুহাম্মাদ াল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছিলেন,

---

রা সাজদা, আয়াত ২৪।
াহমাদ, তাবারানী, বায়হাকী -হাদীসটি সহীহ। সহীহ আল জামে, হাদীস নং ৩৭৩৯।
়রা মারয়াম, আয়াত ৫৯।
াহীহ আল জামিউস সাগীর, হাদীস নং ৩৭৩৯।

عَنْ ثَوْبَانَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ –صلى الله عليه وسلم– يُوشِكُ أَنْ تَدَاعَى عَلَيْكُمُ الأُمَمُ مِنْ كُلِّ أُفُقٍ كَمَا تَدَاعَى الأَكَلَةُ إِلَى قَصْعَتِهَا . قِيلَ يَا رَسُولَ اللهِ : فَمِنْ قِلَّةٍ يَوْمَئِذٍ ؟ قَالَ لاَ ، وَلَكِنَّكُمْ غُثَاءٌ كَغُثَاءِ السَّيْلِ يُجْعَلُ الْوَهَنُ فِي قُلُوبِكُمْ وَيُنْزَعُ الرُّعْبُ مِنْ قُلُوبِ عَدُوِّكُمْ لِحُبِّكُمُ الدُّنْيَا وَكَرَاهِيَتِكُمُ الْمَوْتَ.

অর্থ: হযরত সাওবান রা. থেকে বর্ণিত, মহানবী সা. বলেছেন, "এমন একটি সময় আসবে যখন (অমুসলিম) জাতিসমূহ একে অপরকে প্রতিটি অঞ্চল থেকে তোমাদের উপর আক্রমণ করার জন্য আহ্বান করতে থাকবে, যেভাবে খাবার ভর্তি পাত্রের দিকে (ক্ষুধার্ত ব্যক্তিরা ঝাপিয়ে পড়ে এবং) একে অপরকে (সেই খাবার গ্রহণে ঝাঁপিয়ে পড়ার জন্য) আহ্বান করে। একজন জিজ্ঞাসা করলেন যে, 'এটা কি এই কারণে হবে যে আমরা তখন সংখ্যায় কম হবো?'
তিনি বললেন- 'না, (তোমরা সংখ্যায় তখন অনেক থাকবে কিন্তু) তোমরা হবে বন্যার পানির উপর ভেসে যাওয়া ময়লার মতো। আল্লাহ তোমাদের অন্তরের মধ্যে 'ওয়াহন' ঢুকিয়ে দেবেন এবং তোমাদের শত্রুদের অন্তর থেকে তোমাদের প্রভাব ও ভয়কে উঠিয়ে নিবেন।' জিজ্ঞাসা করা হল, 'হে আল্লাহর রাসূল! 'ওয়াহন' কি?' তিনি বললেন, 'দুনিয়ার প্রতি ভালোবাসা আর (আল্লাহর পথে) মৃত্যুকে ঘৃণা করা।"[১৩]

কাফিরদের বিরুদ্ধে জিহাদ দুই ধরণের:

১। আক্রমণাত্মক জিহাদ (যেখানে শত্রুকে তার নিজ এলাকায় আক্রমণ করা হয়):

এক্ষেত্রে কাফিররা মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধের জন্য একত্রিত হয় না। এই জিহাদ তখন ফরযে কিফায়া হয়, যার জন্য প্রয়োজন হয় স্বল্প সংখ্যক (যথেষ্ট) মুমিনদের, যাতে তারা সীমানা রক্ষা এবং কুফ্ফারদের ভূমি আক্রমণ করতে পারে। আল্লাহর (দ্বীনের) শত্রুদের অন্তরকে ভীত-সন্ত্রস্ত করার জন্য বছরে অন্তত একবার একটি সৈন্যদলকে শত্রুদের ভূমিতে প্রেরণ করা উচিত। এটি হল ইমামের (খলীফার) দায়িত্ব যে, তিনি বছরে একবার অথবা দু'বার জিহাদের উদ্দেশ্যে একটি সৈন্যদল গঠন করবেন এবং তাদেরকে জিহাদের ময়দানে প্রেরণ করবেন। সর্বোপরি, এটি হল মুসলিম জনগোষ্টির উপর একটি দায়িত্ব

---

[১৩] (আবু দাউদ হাদীস নং - ৪২৯৭, আহমদ- হাদীস নং -২২৪৫ উত্তম সনদে 'কিত্বালের প্রতি ঘৃণা'- এই শব্দ সহকারে, বায়হাকী হাদীস নং -১০৩৭২)

য, তারা এই কাজে ইমামকে সহযোগীতা করবে আর তিনি যদি এই সৈন্যদল া প্রেরণ করেন; তাহলে তিনি গুনাহের মধ্যে লিপ্ত হবেন।[১৪]

এ ধরণের জিহাদের ব্যাপারে আলিমগণ বলেছেন, "আক্রমণাত্মক জিহাদ হল জিজিয়া আদায়ের জন্য।"

যে সকল আলিমগণ দ্বীনের শারঈ দিক সর্ম্পকে ইলম রাখেন তারাও বলেছেন, 'জিহাদ হল এমন একটা দাওয়া যার মধ্যে শক্তি আছে এবং এটি হল একটি আবশ্যিক দায়িত্ব যা সকল সম্ভাব্য উপায়ে বাস্তবায়ন করতে হবে যতক্ষণ পর্যন্ত না সেখানে শুধুমাত্র মুসলিমরা অথবা যারা আল্লাহর নিকট আত্মসমর্পণ করে তারাই অবস্থান করে।

২। আত্মরক্ষামূলক জিহাদঃ

এটি হল আমাদের ভূমি হতে কাফেরদের বের করে দেওয়া, যা ফরজে আইন, অর্থাৎ সবার জন্য আবশ্যকীয় কর্তব্য। সকল প্রকার আবশ্যকীয় কর্তব্যগুলোর মধ্যে এটি হল সবচেয়ে গুরুত্বপূর্ণ যদি নিম্নের অবস্থানগুলো কেনোটি পরিদৃষ্ট হয়:

১) যদি কাফিররা মুসলিমদের ভূমিতে প্রবেশ করে।

২) যদি দুটি বাহিনী যুদ্ধের ময়দানে মুখোমুখি এসে দাঁড়ায় এবং একে অপরকে আহ্বান করতে শুরু করে।

৩) যদি খলিফা কোন ব্যক্তি অথবা জনগনকে আহ্বান জানায় তাহলে অবশ্যই বেরিয়ে পড়তে হবে।

৪) যদি কাফিররা মুসলিমদের মধ্যে থেকে কিছু মানুষকে বন্দি করে ফেলে।

প্রথম শর্তঃ যদি কাফিররা মুসলিমদের ভূমিতে প্রবেশ করেঃ

সালফে সালেহীনগণ, তাদের উত্তরসূরীগণ, চার মাযহাবের আলিমগণ (মালেকী, হানাফী, শাফেঈ, হাম্বলী) মুহাদ্দিসগণ এবং মুফাস্‌সিরগণ সকলেই, ইসলামের ইতিহাসের সকল সময়ে একমত পোষণ করেছেন যে, এই শর্তানুযায়ী জিহাদ ফরজে আইন হয়ে যায়। ফরজে আইন ঐ সকল মুসলিমদের উপর যাদের ভূমি কাফেররা আক্রমণ করেছে অথবা যারা আক্রান্ত মুসলিম ভূমির কাছাকাছি রয়েছে। এরূপ পরিস্থিতিতে জিহাদে ঝাঁপিয়ে পড়ার

---

[১৪] হাসিয়াত ইবনু আবিদীন, ৩/২৩৮।

জন্য সন্তানকে তার পিতা-মাতার কাছ থেকে, স্ত্রীকে তার স্বামীর কাছ থেকে, দাসকে তার মনিবের কাছ থেকে এবং দেনাদারকে তার পাওনাদারের কাছ থেকে অনুমতি নেওয়ার প্রয়োজন হয় না।

কিন্তু ঐ আক্রান্ত অঞ্চলের মুসলিমরা যখন সৈন্যের ঘাটতির কারণে অথবা অক্ষমতা কিংবা গাফিলতির কারণে কাফিরদেরকে তাদের ভূমি থেকে বিতারিত করতে না পারে তাহলে তখন এই ফরজে আইনের হুকুমটি ঐ আক্রান্ত ভূমির নিকটবর্তী মুসলিমদের উপর, তারপর তার নিকটবর্তী মুসলিমদের উপর প্রযোজ্য হবে। আর যদি তাদেরও গাফিলতি অথবা জনশক্তির ঘাটতি থাকে তাহলে পরবর্তীদের উপর, অতপর পরবর্তী এলাকার মুসলিমদের উপর এই হুকুম বর্তাতে থাকে; যতক্ষণ পর্যন্ত না এই ঘাটতি পূরণ হয় ততক্ষণ পর্যন্ত এটি চলতে থাকবে এবং এক পর্যায়ে এটি পুরো দুনিয়ার মুসলিমদের উপর ফরজ আইন হয়ে যাবে।

এই বিষয়ের উপর শাইখ ইবনে তাইমিয়্যাহ রহ. বলেন,
"প্রতিরক্ষামূলক জিহাদ, যার মাধ্যেমে আগ্রাসী শত্রুদের (মুসলিমদের ভূমি থেকে) বের করে দেয়া হয়, এটি জিহাদের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি জিহাদ। সর্বজন স্বীকৃত যে, দ্বীন এবং নিজেদের সম্মান রক্ষা করা হচ্ছে একটি আবশ্যক দায়িত্ব। ঈমান আনার পর প্রথম বাধ্যতামূলক দায়িত্ব হল আগ্রাসী শত্রুদের পার্থিব ও দ্বীনের উপর আগ্রাসনকে প্রতিহত করা। এক্ষেত্রে কোন ওজর-আপত্তি করার কোন সুযোগ নেই; যেমনঃ সরবরাহ অথবা পরিবহন, বরং যার যতটুকু সামর্থ্য আছে তা নিয়েই জিহাদ চালিয়ে যেতে হবে। আলিমগণ, আমাদের সহকর্মীগণ এবং অন্যান্যরাও এ বিষয়ের উপর একমত।"

ইমাম ইবনে তাইমিয়া রহ. কাজীর বক্তব্যের প্রতি দ্বিমত পোষণ করেছিলেন, যিনি যানবাহনকে শর্ত হিসেবে উল্লেখ করে বলেছিলেন, "জিহাদ যদি কোন দেশে ফরজুল আইন হয় তখন হজ্জের ক্ষেত্রে যেমন যানবাহন থাকা জরুরী ঠিক জিহাদের ক্ষেত্রেও যানবাহন থাকা জরুরী (যদি শত্রুদের দুরত্ব সফরের দুরত্বের সমান হয়)।
ইবনে তাইমিয়্যাহ রহ. আরও বলেন, "কাজী হজ্জের সাথে তুলনার ক্ষেত্রে যে কথা বলেছেন তা এর পূর্বে অন্য কেউ বলেনি এবং এটি হচ্ছে একটি দুর্বল

উক্তি। জিহাদ হচ্ছে ফরজ কারণ এর মাধ্যমে শত্রুদের দ্বারা ক্ষতিকে দূর করতে হয় এবং এই কারণেই এটি হজ্জের উপর অগ্রাধিকার পায়।

হজ্জের জন্য কোন যানবাহন অত্যাবশকীয় নয়। জিহাদের ক্ষেত্রে অনেকে অগ্রাধিকার দিয়েছে। অন্য একটি সহীহ্ হাদীসে বর্ণিত হয়েছে,

عبادة بن الصامت عن النبي صلى الله عليه وسلم أنه قال: على المرء المسلم السمع والطاعة في عسره ويسره ومنشطه ومكرهه وأثرة عليه.

অর্থ: "উবাদা বিন সামিত রা. হতে বর্ণিত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, মুসলিমদের উপর এটি আবশ্যক যে, তাকে শুনতে ও মানতে হবে কঠিন এবং সহজ সময়ে, তার পছন্দ হোক বা অপছন্দ এবং যদিও তার অধিকার তাকে না দেয়া হয়।"[১৫]

তাই এই আবশ্যক দায়িত্বের একটি খুঁটি হচ্ছে জিহাদে বেরিয়ে পড়তে হবে, যদিও আমাদের কঠিন অথবা সহজ সময় হয়। যেভাবে হজ্জের ক্ষেত্রে বলা হয়েছে যে, ফরজ কাজগুলো কঠিনতর সময়গুলোতেও বহাল থাকে এবং এটা হল আক্রমনাত্মক জিহাদের ক্ষেত্রে। কিন্তু প্রতিরোধমূলক জিহাদের ক্ষেত্রে এই ফরজ কাজটির প্রয়োজনীয়তা আরও অনেক গুনে বেড়ে যায়। দ্বীন এবং পবিত্র বিষয়গুলো আগ্রাসী শত্রুদের হতে রক্ষা করা হল ফরজ- এক্ষেত্রে সবাই একমত। ঈমান আনার পর প্রথম বাধ্যতামূলক দায়িত্ব হল আগ্রাসী শত্রুদেরকে পার্থিব ও দ্বীনের উপরে আগ্রসনকে প্রতিরোধ করা।

আমরা এখন এ ব্যাপারে ৪ মাযহাবের মতামত দেখবো যারা সবাই এ বিষয়ে একমত ছিলেন। মাযহাবগুলোর মতামত সমূহ:

হানাফি মাযহাব:

ইবনে আবিদীন মুহাম্মাদ আমীন আল হানাফী রহ. বলেছেন, "যদি শত্রুরা মুসলিমদের সীমানায় আক্রমণ চালায় এমতাবস্থায় জিহাদ করা ফরজে আইন হয়ে যায় এবং এই ফরজে আইন হয় তাদের উপর যারা ঐ আক্রান্ত এলাকার নিকটে অবস্থান করছে। যদি নিকটবর্তীদের সাহায্যের প্রয়োজন না হয়, তাহলে আক্রান্ত এলাকা হতে যারা দূরে অবস্থান করছে তাদের জন্য এটি ফরজে কিফায়া।

[১৫] কিতাবুল ইখতিয়ারাত আল ইলমিয়্যাহ, ইবনে তাইমিয়া। ফাতাওয়া কুবরা, ৪/৬০৮।

আর যদি তাদের সাহায্যের প্রয়োজন পড়ে তাহলে তাদের পরবর্তী নিকটবর্তী যারা আছে তাদের উপর এটি ফরজে আইন হয়ে যায়। সেক্ষেত্রে হতে পারে যে, সীমান্তবর্তী এলাকার মুসলিমদের প্রচেষ্টায় শত্রুরা প্রতিহত হচ্ছে না অথবা তারা অলসতায় বসে আছে অথবা জিহাদ করছে না। এমতাবস্থায় এটি তাদের পরবর্তী নিকটবর্তী মুসলিমদের উপর ফরজ আইন হয়ে যাবে; ঠিক যে রকমভাবে তাদের উপর সালাত ও সিয়াম ফরজ। এই হুকুমকে পরিত্যাগ করার তাদের কোনই সুযোগ নেই। যদি তারাও অক্ষম হয়ে পড়ে তাহলে এটি ফরজে আইন হবে পরবর্তী নিকটবর্তীদের উপর এবং এই পদ্ধতি অব্যাহত থাকবে যতক্ষণ পর্যন্ত না পূর্ব হতে পশ্চিম পর্যন্ত পুরো মুসলিম উম্মাহর উপর ফরজে আইন হয়ে যায়।"

আর কাসানি[১৬], ইবনে নাজিম[১৭], ইবনে হাম্মাম[১৮], এর পক্ষ থেকেও ঠিক একই ফাতওয়া দেয়া হয়েছে।

মালেকী[১৯] ফিক্হ:

হাশিয়াতুদ দুসুকী[২০]তে বলা হয়েছে যে, জিহাদ ফরজ আইন হয় তখন, যখন শত্রুপক্ষ হতে আকস্মিক আক্রমণ করা হয়। দুসুকী বলেন, যখন এমনটি ঘটে তখন প্রত্যেকের উপর জিহাদ ফরজ আইন হয়ে যায়। এমনকি মহিলা শিশু, দাস-দাসীদের উপরও। যদিও তারা তাদের অভিভাবক, স্বামী অথবা ঋণদাতার পক্ষ থেকে বাঁধাপ্রাপ্ত হয়।[২১]

শাফেঈ[২২] মাযহাব:

রামলী[২৩] লিখিত 'নিহায়াতুল মুহতাজ' নামক গ্রন্থে বলা হয়েছে যে, যদি তারা (কাফিররা) আমাদের ভূমিতে আক্রমণ চালায় এবং তাদের ও আমাদের মধ্যকার দুরত্ব হয় -যতটুকু দুরত্বের সফর সালাতের বিধান রয়েছে তার

---

[১৬] আল-কাসানি, আবূ বকর বিন মাসুদ। বিদায়া আস সানায়া ৭/৭২।
[১৭] ইবনে নাজিম, ইবরাহীম আল মিসরী আল হানাফী। আল বাহরুর রায়িক, ৫/১৯১।
[১৮] ইবনুল হাম্মাম, আল-কামাল। ফাতহুল কাদীর ৫/১৯১।
[১৯] ইমাম মালিক বিন আনাস বিন মালিক।
[২০] আদ দুসুকী, ইবরাহীম।
[২১] হাশিয়াতুদ দুসুকী ২/১৭৪।
[২২] ইমাম আশাফিঈ, মুহাম্মাদ বিন ইদ্রীস বিন আব্বাস।
[২৩] আর-রামলী, আহমদ।

অপেক্ষা কম, তাহলে ঐ ভূমির মুসলিমদের উপর তাদের ভূমিকে রক্ষা করা ফরজে আইন হয়ে যায়। এমনকি এটি তাদের উপরেও ফরজে আইন হয়ে যায়, যাদের উপর কোন জিহাদ নেই, যেমনঃ মহিলা, শিশু, দাস-দাসী, ঋণগ্রস্থ ব্যক্তি।[২৪]

হাম্বলী[২৫] মাযহাবঃ

ইমাম আল কুদামাহ[২৬] লিখিত কিতাব আল-মুঘনিতে তিনি বলেছেন, জিহাদ তিনটি অবস্থায় ফরজে আইন হয়ে যায়ঃ

১। যদি উভয়পক্ষ যুদ্ধে মিলিত হয় এবং একে অপরের মুখোমুখি হয়।

২। যদি কাফিররা কোন মুসলিমদের ভূমিতে প্রবেশ করে, তখন সেখানকার মুসলিমদের উপর জিহাদ ফরজে আইন হয়।

৩। যদি ইমাম অথবা খলিফা মুসলিমদেরকে অগ্রসর হওয়ার জন্য আদেশ দেন, তখন তাদের উপর এটি ফরজে আইন হয়ে যায়।"[২৭]

এব্যাপারে ইবনে তাইমিয়্যাহ রহ. বলেন,

إذا دخل العدو بلاد الإسلام فلا ريب أنه يجب دفعه على الأقرب فالأقرب، إذ بلاد الإسلام كلها بمنزلة البلدة الواحدة، وأنه يجب النفير اليه بلا إذن والد ولا غريم، ونصوص أحمد صريحة بهذا.

অর্থঃ "এতে কোন সন্দেহ নেই যে যদি কোন শত্রু মুসলিম ভূমিতে প্রবেশ করে তবে ঐ ভূমির নিকটবর্তীদের, অতঃপর তার নিকটবর্তীদের উপর তাদেরকে (শত্রুদেরকে) বহিস্কার করা ফরজে আইন হয়ে যায় কারণ, মুসলিমদের ভূমিসমূহ হল একটি ভূমির মত। তাই এক্ষেত্রে জিহাদে বের হওয়ার জণ্য পিতা-মাতা অথবা ঋণদাতার কাছ থেকে অনুমতি ব্যতীতই অগ্রসর হওয়া হল ফরজ এবং বর্ণনাগুলো আহমদ হতে এসেছে এবং তিনি এ বিষয়ের সাথে একমত পোষণ করেছেন।"[২৮]

এই পরিস্থিতিটি সাধারণ অভিযান নামে পরিচিত।

---

[২৪] নিহায়াতুল মুহতাজ।

[২৫] ইমাম আহমাদ বিন মুহাম্মাদ বিন হাম্বলী, আশ শাইবানী।

[২৬] ইবনু কুদামা আল মাকদীসি, মুয়াফিক উদ্দীন আবূ মুহাম্মাদ আব্দুল্লাহ বিন আহমদ আল হাম্বলী।

[২৭] আল মুঘনী ৮/৩৫৪।

[২৮] ফাতাওয়া আল কুবরা, ৪/৬০৮।

সাধারণ অভিযানের দলীলসমূহ এবং এর সমর্থন:

১) মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বলেন,

انْفِرُوا خِفَافًا وَثِقَالًا وَجَاهِدُوا بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ فِي سَبِيلِ اللَّهِ ذَلِكُمْ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ.

অর্থ: "তোমরা হালকা হোক অথবা ভারী উভয় অবস্থায় যুদ্ধে বের হও এবং তোমাদের মাল ও জান নিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ কর। এটা তোমাদের জন্য উত্তম, যদি তোমরা জানতে।"[২৯]

যারা সম্মুখ অভিযানে বের হবে না, আল্লাহ তা'আলা তাদের জন্য চরম শাস্তির ব্যবস্থা করেছেন এবং তাদেরকে অন্য জাতি দ্বারা স্থলাভিষিক্ত করে দিবেন যারা ইসলামের সত্যিকার বাহক হবে- এটি হল তাদের প্রতিদান স্বরূপ এবং এ রকম আরেকটি আয়াত পূর্বে উল্লেখ করা হয়েছে। আল্লাহ শুধুমাত্র তাদেরকেই শাস্তি দিবেন যারা তাদের ফরজসমূহকে পরিত্যাগ করেছে এবং হারাম কাজে লিপ্ত থেকেছে। মহিমান্বিত আল্লাহ বলেন,

إِلا تَنْفِرُوا يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلا تَضُرُّوهُ شَيْئًا وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ.

অর্থ: "যদি তোমরা (যুদ্ধে) বের না হও, তিনি তোমাদের বেদনাদায়ক আযাব দেবেন এবং তোমাদের পরিবর্তে অন্য এক কওমকে আনয়ন করবেন, আর তোমরা তাঁর কিছুমাত্র ক্ষতি করতে পারবে না। আর আল্লাহ সবকিছুর উপর ক্ষমতাবান।"[৩০]

ইবনে কাছির[৩১] রহ. বলেন, "আল্লাহ তা'আলা আদেশ দিয়েছিলেন যে, প্রত্যেকেই যেন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে তাবুক যুদ্ধে শত্রুদের (যারা রোমানের আহলে কিতাব ছিল) সাথে যুদ্ধ করার জন্য অভিযানে বের হয়ে পড়ে। ঈমাম বুখারী তার সহীহ বুখারী শরীফের সম্মুখ অভিযানের শর্ত ও জিহাদের জন্য প্রয়োজনীয় বিষয় এবং এর জন্য নিয়্যত

---

[২৯] সূরা তাওবা, আয়াত ৪১।

[৩০] সূরা তাওবা, আয়াত ৪১।

[৩১] ইবনু কাসীর, আবুল ফিদা ইসমাঈল বিন আবি হাফস শিহাব উদ্দীন উমার বিন কাসীর বিন দাউবিন কাসীর বিন যার আল কুরাইশী।

নামক অধ্যায়ে এই আয়াতটিতে (সূরা তাওবাহঃ ৩৯) উল্লেখ করেছেন। তাবুকের যুদ্ধের এই আদেশ ছিল সর্ব সাধারণের জন্য কেননা মুসলিমরা জানতে পেরেছিল যে, রোমানরা আরব উপদ্বীপের সীমানাগুলোতে জমা হচ্ছে এবং তারা মদীনা আক্রমণের প্রস্তুতি নিচ্ছে। তাহলে তখন কী করা উচিত যখন কাফিররা মুসলিমদের ভূমির ভিতরে প্রবেশ করছে; ঐ মুহূর্তে সম্মূখে অভিযান চালানো কি আরো বেশি অগ্রাধিকার পায় না?

আবু তালহা রা. সূরা তাওবার ৩৯ নং এই আয়াতটি সর্ম্পকে বলেন,

كهولا وشبابا ما سمع الله عذر أحد.

অর্থ: "আল্লাহ তা'আলা হালকা অথবা ভারী দ্বারা বুঝিয়েছেন যে তিনি বৃদ্ধ অথবা যুবক কারও অজুহাত শুনবেন না।"[৩২]

হাসান আল বসরী বলেন, কঠিন অথবা সহজ অবস্থায়।

ইবনে তাইমিয়্যাহ রহ. বলেন, "যদি শত্রুরা মুসলিমদের উপর আক্রমণ করার জন্য প্রস্তুতি নেয়, তখন আক্রান্ত মুসলিমদের উপর ঐ সকল শত্রুদেরকে বহিস্কার করা ফরজ হয়ে যাবে। ঠিক একইভাবে, যে সকল মুসলিমরা আক্রান্ত হয়নি তাদের উপরও এটি ফরজ। কেননা মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বলেন,

إِنَّ الَّذِينَ آمَنُوا وَهَاجَرُوا وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ آوَوْا وَنَصَرُوا أُولَئِكَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَالَّذِينَ آمَنُوا وَلَمْ يُهَاجِرُوا مَا لَكُمْ مِنْ وَلَايَتِهِمْ مِنْ شَيْءٍ حَتَّى يُهَاجِرُوا وَإِنِ اسْتَنْصَرُوكُمْ فِي الدِّينِ فَعَلَيْكُمُ النَّصْرُ إِلا عَلَى قَوْمٍ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ مِيثَاقٌ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ.

অর্থ: "নিশ্চয়ই যারা ঈমান এনেছে, হিজরত করেছে এবং নিজদের মাল ও জান দিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ করেছে আর যারা আশ্রয় দিয়েছে ও সহায়তা করেছে, তারা একে অপরের বন্ধু। আর যারা ঈমান এনেছে, কিন্তু হিজরত করেনি, তাদেরকে সাহায্যের কোন দায়িত্ব তোমাদের নেই, যতক্ষণ না তারা হিজরত করে। **আর যদি তারা দীনের ব্যাপারে তোমাদের নিকট কোন সহযোগিতা চায়, তাহলে সাহায্য করা তোমাদের কর্তব্য।** তবে এমন কওমের

---

[৩২] মুখতাসার ইবনে কাসীর ২/১৪৪।

